দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 11 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

৮৮

## পিএন্ডটি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ৩ জন শিক্ষক থাকায়

ঢাকা নগরীস্থ মতিঝিল থানার কেন্দ্রস্থলে অবস্থিত পিএন্ডটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাত্র ৩ জন শিক্ষক নিযুক্ত থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া মারাত্মকভাবে ব্যাহত হইতেছে। বিদ্যালয় গৃহের অবস্থা অত্যন্ত শোচনীয় বিধায় এবং আশেপাশের বিদ্যালয়সমূহ বিল্ডিং হওয়ায় কোন ছাত্র-ছাত্রী এই বিদ্যালয়ে ভর্তি হইতে চায় না। যাহারা ভর্তি হয় তাহারাও কয়েকদিন ক্লাশ করিয়া অন্যত্র চলিয়া যায়। কেন না বৃষ্টির দিনে বাইরে বৃষ্টি পড়া মাত্র বিদ্যালয় গৃহের ভিতরেও বৃষ্টির পানি পড়িতে শুরু করে। এই অবস্থা হইতে পরিত্রাণ পাওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বহুবার আবেদন জানাইয়া এবং পত্র-পত্রিকায় লেখালেখি করিয়াও কোন কাজ হয় নাই। উল্লেখ্য, ইতিপূর্বে এই বিদ্যালয় গৃহে পিএন্ডটি সরকারী বালক এবং বালিকা নামে দুইটি বিদ্যালয় দুই প্রধান শিক্ষকের অধীনে পরিচালিত হইত। গত বছর শিক্ষা বিভাগ, ছাত্র-ছাত্রীর স্বল্পতার অজুহাতে বিদ্যালয় দুইটিকে একীভূত করিয়া একটি বিদ্যালয়ে পরিণত করেন এবং ৩ জন শিক্ষক ছাড়া অন্যদের বদলি করিয়া দেন। একজন প্রধান শিক্ষককে নিয়ম বহির্ভূতভাবে বৃহত্তর সিলেটে পোষ্টিং দেওয়া হয়। এদিকে বিদ্যালয়ের ৩টি রুম প্রায় ১০ বছর যাবৎ অবৈধভাবে আবাসিক প্রয়োজনে ব্যবহার করা হইতেছে।

বিদ্যালয়ে বর্তমানে ছাত্র সংখ্যা কিছু বৃদ্ধি পাইলেও শিক্ষক সংখ্যা বৃদ্ধি না করায় ছাত্র-ছাত্রীদের লেখা-পড়ায় বিঘ্ন ঘটিতেছে এবং ৩ জন শিক্ষকের দুর্ভোগ হইতেছে। এ ব্যাপারে যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন বলিয়া আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সু-দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শরীফ আব্দুল হাকিম,
আরামবাগ, মতিঝিল, ঢাকা।